ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৪৩৩.২৬.০১১৪.২৩ নথির বিষয়: Supply of different types of electrical equipments under PSTP.
নোট: ১ নোটের বিষয়: Supply of different types of electrical equipments under PSTP.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৯/৫/২৩ ৬:৩৮ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাগলা পয়ঃ শোধনাগারের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে কার্যকরী ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রে সমূহের মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইন লাইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে শোধন করা হয়। ঢাকা মহানগরীর নারিন্দা সেন্ট্রাল পয়ঃ উত্তোলন কেন্দ্র ও স্বামীবাগ পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে সরবরাহরকৃত পয়ঃ সমূহ লিফট পাম্প স্টেশনের ইনলেট চেম্বারে জমা হয়। আগত পয়ঃ সমূহকে ০৩টি লিফট পাম্পের মাধ্যমে উত্তোলন করে গ্রীড চেম্বার এর মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বারে প্রেরণ করা হয়, অত:পর পয়ঃ সমূহ ডিস্ট্রিবিউশন চেম্বারে মাধ্যমে ৪টি প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক তে যায়। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক এর গিয়ার বক্সের মাধ্যমে স্ট্রায়ার অনবর্ত ঘুনায়মান থাকার কারণে শোধিত পানি বাফেল প্লেট ওভার ফ্লো করে চ্যানেলের মাধ্যমে মেজারীং চেম্বারের মাধ্যমে ৪০% শোধিত পানি ফ্যাকালটেটিভ লেগুন টাইপ-বি তে এবং ৬০% শোধিত পানি ফ্যাকালটেটিভ লেগুন টাইপ-এ পতিত হয়। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকে স্ট্রায়ার অনবর্ত ঘুনায়মান থাকার কারণে পয়ঃ সমূহের মধ্যকার স্লাজ প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের কনিক্যাল সেপের নিম্নাংশে জমা হয় যা স্লাজ পাম্পের মাধ্যমে পাম্পিং করে স্লাজ লেগুনে ফেলা হয়। ফ্যাকালটেটিভ লেগুন সমূহের শোধিত পানি আউটফল পাম্পের মাধ্যমে পাম্পিং করে ক্লোরিন ডোজিং এর মাধমে বুড়িগঙ্গা নদিতে পতিত করা হয়। উক্ত কার্যক্রম সম্পন্ন করতে ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত কার্যকর ১৭ (সতের) টি পয়ঃ উত্তোলন কেন্দ্র এবং পাগলা পয়ঃ শোধনাগার এর বিভিন্ন পাম্প হাউজে বিদ্যমান যান্ত্রিক/বৈদ্যুতিক সরান্জম সমূহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনের জন্য বৈদ্যুতিক বিভিন্ন আইটেমের মালামাল সংগ্রহ করা প্রয়োজন। সেই লক্ষ্যে পিডব্লিউডি ২০২২ এর রেট সিডিউল দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হল (প্রাক্কলন সংযুক্ত)। প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে ৳ ২৪,৯৯,৯১৪.৯০৭ (চব্বিই লক্ষ নিরানব্বই হাজার নয়শত চৌদ্দ দশমিক নয় শুন্য সাত) টাকা মাত্র। আলোচ্য কাজটি চলতি ২০২২-২০২৩ ইং অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনয় Spare parts খাতে অর্ন্তরভুক্ত করা হবে।

সংযুক্তিসমূহ (২):
১। প্রাক্কলন।.
২। প্রতিবেদন।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩০/৫/২৩ ৯:১৩ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে Supply of different type of electrical equipment and related services PSTP. শীর্ষক কাজের প্রাক্কলিত ব্যয় ৳ ২৪,৯৯,৯১৪.৯০৭ (চব্বিই লক্ষ নিরানব্বই হাজার নয়শত চৌদ্দ দশমিক নয় শুন্য সাত) টাকা মাত্র। আলোচ্য কাজটি চলতি ২০২২-২০২৩ ইং অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনয় অর্ন্তরভুক্ত করা হবে এবং PPR-2008 এর বিধি ৬১ (১) অনুসরণে e-GP (OTM), STD Form (PG-2পদ্ধতিতে কাজটি সম্পাদনের নিমিত্ত্বে সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যাহা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতা মহোদয়ের আওতাধীন।

৩০/৫/২৩ ৯:২১ অপরাহ্ন	৩১/৫/২৩ ৮:০৪ পূর্বাহ্ন	৩১/৫/২৩ ১:০৯ অপরাহ্ন	~~৩১/৫/২৩ ১:০৯ অপরাহ্ন~~
মোঃ নুর হোসেন	মোঃ হাসিবুল হাসান	মোঃ রাহাত শিকদার	~~মির্জা গোলাম কিবরিয়া~~
উপ-সহকারী প্রকৌশলী	সহকারী প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)	~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩১/৫/২৩ ৬:৪৬ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.1

৩১/৫/২৩ ৬:৪৬ অপরাহ্ন	~~৩১/৫/২৩ ৬:৪৬ অপরাহ্ন~~
মির্জা গোলাম কিবরিয়া	~~মোঃ কামরুল হাসান~~
তত্ত্বাবধায়ক প্রকৌশলী	~~প্রধান প্রকৌশলী~~
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৫/৬/২৩ ৭:১৪ পূর্বাহ্ন

অনুমোদিত

৫/৬/২৩ ৭:১৪ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~৫/৬/২৩ ৭:১৪ পূর্বাহ্ন~~
~~মোঃ রাহাত শিকদার~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৫/৬/২৩ ৯:৫৭ পূর্বাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

৫/৬/২৩ ৯:৫৭ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

২৬/৬/২৩ ৮:৩৩ অপরাহ্ন
মোঃ হাসিবুল হাসান
সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

২৬/৬/২৩ ৮:৩৮ অপরাহ্ন
মোঃ নুর হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ